



106418 - ব্যাংকরে চলতি হিসাবধারীকে প্রদত্ত উপহার

প্রশ্ন

ব্যাংক আমায় কিছু অর্থ আছে (চলতি হিসাব)। মাঝে মাঝে ব্যাংক আমার কাছে কিছু উপহার পাঠায়। যমেন- আতর বা আগর কাঠ। ব্যাংক কিছু কিছু কাস্টমারকে এ ধরনের উপহার পাঠিয়ে থাকে, ব্যাংক যাদের প্রচুর পরমাণে অর্থ আছে। এসব উপহারের হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

ব্যাংকরে কারেন্ট একাউন্ট বা চলতি হিসাব হচ্ছে- ঋণ। আলমেগণ এই মর্মে ইজমা বা ঐকমত্য পোষণ করছেন যে, যে ঋণ কোন সুবিধা টেনে আনে সেটাই সুদ। কোন কোন সাহাবী থেকে সাব্যস্ত হয়েছে যে, ঋণগ্রহীতা ঋণদাতাকে যে উপহার প্রদান করে সেটাই সুদ।

ইমাম বুখারী (৩৮১৪) আব্দুল্লাহ বনি সালাম (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: “যদি কোন লোকের কাছে তোমার কোন পাওনা থাকে এবং সে তোমাকে এক বাহন ঘাস, বা এক বাহন যব বা এক বাহন খড় উপহার দিয়ে তবে তুমি তা গ্রহণ করবে না। কেননা সেটাই সুদ।”।

ব্যাংক যাহেতু কাস্টমারকে এই হাদিয়া চলতি হিসাব (ঋণ) থাকার কারণে দিয়ে তাই এটি সুদ।

শাইখ ড. মুহাম্মদ বনি সউদ আল-উছাইমকি এই উপহার সম্পর্কে জিজ্ঞাসে করা হলে তিনি বলেন:

যদি এই উপহার চলতি হিসাবধারীকে দেয়া হয় তাহলে সেটাই সুদ এতে কোন সন্দেহ নেই। কারণ চলতি হিসাব হচ্ছে- ঋণ। চলতি হিসাবধারীর জন্য এ ধরনের সুবিধা গ্রহণ করা সঠিক হবে না। আর যদি ইনভেস্টমেন্ট একাউন্ট বা বিনিয়োগ হিসাব হয় তাহলে এতে কোন অসুবিধা নেই।